

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং- পি.এস/২০২০/৪২২২

তারিখ : ২২-০৬-২০২০

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

.....  
.....


বিষয়: বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র উন্নয়নের লক্ষ্যে ঢাকা বিভাগের সকল নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় থেকে আর্থিক সহায়তা প্রদান সম্পর্কীয়।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং-পি.এস/১৮/৪০৮৩, তারিখ : ০৭/১০/২০১৮

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জনানো যাচ্ছে যে, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলার দোতরা মৌজা চার একর অকৃষি খাস জমি প্রতীকী মূল্যে দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত পাওয়া গেছে। উক্ত জমিতে সীমানা প্রাচীর নির্মাণ এবং মাটি ভরাট কাজ ও স্থাপনা নির্মাণ করার জন্য ঢাকা বিভাগের আওতাধীন সকল নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় থেকে আর্থিক অনুদান হিসেবে সর্বনিম্ন ১,০০০/- (ঢাকা এক হাজার মাত্র) প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু আপনার প্রতিষ্ঠান থেকে অদ্যাবধি কোন অনুদান পাওয়া যায়নি। ফলে ঢাকা অঞ্চলের আর্থিক সীমাবদ্ধতার কারণে প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়ন কাজ চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়নের জন্য আপনার শিক্ষা প্রতিষ্ঠান থেকে অনুদান হিসাবে সর্বনিম্ন ১,০০০/- (এক হাজার) টাকা আপনার নিকটস্থ সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা থেকে “চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা” শিরোনামে সংজ্ঞী হিসাব নং ৪৪০২৪৩৪০২৫৯০১, সোনালী ব্যাংক লিঃ, বিআইএসই শাখা, ঢাকা বরাবরে জমা দিয়ে জমা রশিদের অনুলিপি (বিদ্যালয়ের নামসহ) আগামী ১৫ এপ্রিল, ২০২০ তারিখের মধ্যে “বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল, আঞ্চলিক স্কাউট ভবন, বাড়ী # ৭৬, রোড # ৬, রুক # এ, সেকশন # ১২, পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬” ঠিকানায় প্রেরণের জন্য আপনাকে অনুরোধ জানানো হলো।

  
২২.০৬.২০২০  
(প্রফেসর মু: জিয়াউল হক)  
চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

অনুলিপি-

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ;
- ২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ;
- ৩। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল ও উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা ;
- ৪। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল।